

তারিখ : 21/11/2016

বিবাহ অনুষ্ঠান উপলক্ষ্যে নগদ টাকা তোলা

RBI/2016-17/145

DCM (Plg) No.1320/10.27.00/2016-17

নভেম্বর 21, 2016

চেয়ারম্যান / প্রাবন্ধিক নির্দেশক/ মুখ্য কার্যনির্বাহী আধিকারিক,
রাষ্ট্রায়ত্ত্ব (সরকারি) ব্যাঙ্ক সমূহ/ প্রাইভেট সেক্টর (বেসরকারি) ব্যাঙ্ক সমূহ / বিদেশি ব্যাঙ্ক সমূহ /
আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক সমূহ / শহরাঞ্চলিক সমবায় ব্যাঙ্ক সমূহ /
রাজ্য সমবায় ব্যাঙ্ক সমূহ / জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক সমূহ

মহাশয়া /প্রিয় মহাশয়,

**₹ 500/- এবং ₹ 1000/- বিশেষভাবে উল্লেখিত ব্যাঙ্কনোট(এসবিএন)-এর আইনগত পেশযোগ্যতা প্রত্যাহার -
বিবাহ অনুষ্ঠান সম্পাদনের উদ্দেশ্যে নগদরাশি প্রত্যাহার**

অনুগ্রহ করে উপরোক্ত বিষয়ের উপর আমাদের নভেম্বর 08, 2016 তারিখাঙ্কিত **Circular No. DCM (Plg)
No.1226/10.27.00/2016-17** দেখুন।

2. জনসাধারণ যাতে তাঁদের সন্তান সন্ততিদের বিবাহ অনুষ্ঠান পালন এবং সম্পাদনে সক্ষম হতে পারেন সেদিকে দৃষ্টি রেখে বিবাহ সংক্রান্ত ব্যয় বহনের জন্য তাঁদের ব্যাঙ্ক আমানত অ্যাকাউন্ট থেকে নগদরাশি প্রত্যাহারের সীমা উচ্চতর করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। তবুও, ব্যাঙ্কসমূহকে পরিবারগুলিকে বিনা-নগদ(নন-ক্যাশ) মাধ্যম যেমন চেক/ড্রাফট, ক্রেডিট/ডেবিট কার্ড, প্রিপেড কার্ড, মোবাইল ট্রান্সফার, ইন্টারনেট ব্যাঙ্কিং প্রণালী, এনইএফটি/ আরটিজিএস ইত্যাদির দ্বারাই বিবাহের খরচ বহন করতে উৎসাহিত করতে হবে। একারণে, নগদরাশি প্রত্যাহার মঞ্জুর করার কালে জনসাধারণকে বলা হচ্ছে যে তাঁরা যেন শুধুমাত্র সেইসকল খরচগুলিই নগদরাশি ব্যবহারের মাধ্যমে করেন যেগুলি কেবলমাত্র নগদ দ্বারাই করতে হবে। নগদরাশি প্রত্যাহারের ক্ষেত্রে নিম্নলিখিত শর্তগুলি প্রযোজ্য হবে:

- নভেম্বর 08, 2016 তারিখের কর্মদিবস শেষ হওয়া অবধি অ্যাকাউন্টে যে রাশি ক্রেডিট হিসাবে থাকবে তার থেকে ডিসেম্বর 30, 2016 পর্যন্ত সর্বোচ্চ ₹ 250000/- রাশি প্রত্যাহার অনুমোদিত হয়েছে।
- কেবলমাত্র সেইসব অ্যাকাউন্ট থেকেই অর্থপ্রত্যাহারের অনুমোদন দেওয়া হয়েছে যেগুলিতে কেওয়াইসি (KYC) বিধি সম্পূর্ণরূপে অনুপালিত হয়েছে।
- রাশি প্রত্যাহার কেবলমাত্র তখনই করা যাবে যদি বিবাহের তারিখ ডিসেম্বর 30, 2016 বা তার পূর্বে হয়।
- অর্থপ্রত্যাহার যে ব্যক্তির বিবাহ তাঁর পিতা অথবা মাতার মধ্যে একজন বা তিনি নিজে করতে পারবেনা(এঁদের মধ্যে কেবলমাত্র একজনই অর্থপ্রত্যাহারের জন্য অনুমোদিত)
- যেহেতু অর্থপ্রত্যাহারের প্রস্তাবিত রাশি নগদ বন্টনে ব্যবহার করার জন্যই লক্ষ্যিত, এই বিষয়টি প্রতিষ্ঠিত করতে

হবে যে অর্থপ্রদান যে ব্যক্তিটিকে করা হবে বলে প্রস্তাবিত তাঁর ব্যাঙ্ক অ্যাকাউন্ট নেই।

- vi. অর্থপ্রত্যাহারের আবেদনের সাথে নিম্নলিখিত নথিগুলি পেশ করতে হবে
- সংলগ্নক** অনুসারে আবেদনপত্র
 - বিবাহের প্রমাণ, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে নিমন্ত্রণপত্র, যেসব অগ্রিম অর্থপ্রদানগুলি ইতিমধ্যে করা হয়েছে, যেমন বিবাহ অনুষ্ঠানের ভবন ভাড়া করার জন্য, ক্যাটেরারদের অগ্রিম অর্থপ্রদানের জন্য ইত্যাদি তার রশিদের প্রতিলিপি।
 - যেসকল ব্যক্তিকে অর্থপ্রদান করা হবে বলে প্রস্তাব করে নগদরাশি প্রত্যাহার করা হচ্ছে তাঁদের বিস্তারিত তালিকা, তার সাথে ঐসকল ব্যক্তির কাছ থেকে এই মর্মে একটি অঙ্গীকারপত্র যে তাঁদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট নেই। কি উদ্দেশ্যে প্রস্তাবিত অর্থপ্রদানগুলি করা হচ্ছে তা তালিকাটিতে উল্লেখ করতে হবে।

3. ব্যাঙ্কসমূহ প্রমাণ সম্পর্কে যথাযথ খতিয়ান রাখবে এবং প্রয়োজনে কর্তৃপক্ষ কতৃক যাচাই-এর জন্য সেগুলি পেশ করবে। যথার্থতা/এর প্রকৃত (বোনা ফাইড) ব্যবহারের উপর ভিত্তি করে যোজনাটির সমীক্ষা করা হবে।

আপনার বিশ্বস্ত,

(পি বিজয় কুমার)

মুখ্য মহাপ্রবন্ধক

সংলগ্নক: যথা উল্লেখিত